

## লেজার ফিস্টুলা সার্জারি-

এনাল ফিস্টুলা বা ফিস্টুলা ইন এনো হচ্ছে পায়ুপথের একটি জটিল রোগ। এই রোগ সহজে ভালো হতে চায় না। চিকিৎসাও জটিল। রোগ নিয়ে যেমন অনেকদিন ভুগতে হয় তেমনি চিকিৎসা নিয়েও অনেক ভুগতে হয়।

### কি করব?

প্রথম কথা হল এটা ঔষধে ভালো হয় না। এর একমাত্র চিকিৎসা হচ্ছে সার্জারি। অনেক ধরনের ফিস্টুলা আছে। চিকিৎসা নির্ভর করে ফিস্টুলা এর প্রকারভেদের উপর। ফিস্টুলা রোগের কমপক্ষে ১৫- ২০ ধরনের সার্জারি আছে। সফলতা নির্ভর করে সঠিক রোগ নির্ণয় (ফিস্টুলার ধরন) ও সঠিক সার্জারির উপর। আর ফিস্টুলার লেজার চিকিৎসা ফিস্টুলা সার্জারির একটি আধুনিক সংস্করণ।

### লেজার ফিস্টুলা সার্জারি কি?

বর্তমানে বাংলাদেশে লেজারের ফিস্টুলা চিকিৎসা জনপ্রিয়। এটার কয়েক ধরনের variations আছে। যেমন-

- FiLaC (Fistula Laser Closure)
- DLPL( Distal LASER proximal ligature).
- VAAFT( Video assisted anal fistula treatment ).

### কি করা হয়?

এতে ফিস্টুলার নালিতে লেজার প্রোব চুকিয়ে নালিটাকে লেজার এনার্জি দিয়ে বন্ধ করে দেওয়া হয়। এতে সাধারনত খুব একটা কাটাছেঁড়া, সেলাই, অথবা রক্তপাত নেই। এতে নালীটা আস্তে আস্তে শুকিয়ে যায়। রোগ ভালো হয়ে যায়। তবে সমস্যা হচ্ছে লেজার থেরাপি এখনো ফিস্টুলার চিকিৎসা হিসেবে পুরোপুরি প্রতিষ্ঠিত হয়নি।

### কোন ক্ষেত্রে লেজার করা যাবে?

- যখন একটি মাত্র নালী থাকবে।
- নালীটা পরিপক্ষ থাকবে।

- কোন শাখা থাকবে না।
- নালীর কোথাও কোন এবসেস থাকবে না।
- পূর্বে কোন সার্জারির ইতিহাস থাকবে না।

তবে বিশ্বব্যাপী লেজার ফিস্টুলা অপারেশনের সফলতার হার ৬০-৭০% অর্থাৎ আবার হওয়ার সম্ভাবনা ৩০- ৪০ শতাংশ। তবে এসব ক্ষেত্রে সঠিক রোগ ও রুগ্নী বাছাই করাটা খুবই গুরুত্বপূর্ণ।

## মলদ্বারের ফিস্টুলা কি ভালো হয়?

মলদ্বারের ফিস্টুলা খুবই common একটি মলদ্বারের সমস্যা। যারা এই রোগটিতে ভোগেন তাদের মাঝে সবচেয়ে বেশি যে প্রশ্নটি মাথায় ঘোরপাক খায় তা হচ্ছে এটা ভালো হয় কিনা? অথবা একবারে ভালো হয় কিনা? অনেকের মাঝে প্রচলিত ভুল ধারনা যে এই রোগ ভালো হয় না। এটা সম্পূর্ণ ভুল ধারনা। চিকিৎসায় এই রোগ পুরোপুরি ভালো হয়।

### মলদ্বারের ফিস্টুলা কি?

Fistula in ano- মানে মলদ্বারের পাশে একধরনের নালী। যেখান দিয়ে কখনো পুঁজ , পানি, পচা রক্ত আবার কখনো মল ঝরতে পারে। কারো ক্ষেত্রে এটা সবসময় হয়। কারো ক্ষেত্রে কিছুদিন ভালো থাকে। তারপর হঠাৎ ফুলে যায়, ব্যথা হয়, জ্বর হতে পারে। ফোলাটা বাড়তে বাড়তে একসময় ফেটে যায়। ব্যথা কমে যায়। কিন্তু ময়লা ঝরতে থাকে। কারো ক্ষেত্রে সবসময় ময়লা ঝরে আবার কারো ক্ষেত্রে কিছুদিন ভালো থাকে। এই ভালো থাকার সময়টা কারো ক্ষেত্রে কয়েকদিন , কয়েক মাস, এমনকি কয়েক বছর পর্যন্ত হতে পারে।

### মলদ্বারের ফিস্টুলা কেন হয়?

মলদ্বারের পাশে কিছু থ্রিতি থাকে। যেগুলো থেকে রস নিঃসৃত হয়ে পায়খানার রাস্তা পিছিল রাখে। ফলে সহজে পায়খানা হয়। কোন কারনে এই প্রহিতে ইনফেকশন হলে মলদ্বারের পাশে ফুঁড়া হয়। পরবর্তীতে সেটা ফেটে গিয়ে একটা নালীর মত হয় সেটাকেই ফিস্টুলা বলা হয়।

### মলদ্বারের ফিস্টুলা কয় ধরনের?

- Simple fistula(সাধারণ ফিস্টুলা)-
  - এটার চিকিৎসা সহজ।
  - একবার সার্জারিতেই ভালো হয়ে যায়।
- Complex fistula(জটিল ফিস্টুলা)-
  - চিকিৎসা জটিল।
  - একাধিক সেটিং এ সার্জারি লাগতে পারে।

### কি করব?

প্রথম কথা হল এটা ওষধে ভালো হয় না। এর একমাত্র চিকিৎসা হচ্ছে সার্জারি। অনেক ধরনের ফিস্টুলা আছে। চিকিৎসা নির্ভর করে ফিস্টুলা এর প্রকারভেদের উপর। ফিস্টুলা রোগের কমপক্ষে ১৫-

২০ ধরনের সার্জারি আছে। সফলতা নির্ভর করে সঠিক রোগ নির্ণয় (ফিস্টুলার ধরন) ও সঠিক সার্জারির উপর। সাধারণত অধিকাংশ ক্ষেত্রে এক settings এই ঠিক হয়ে যায়। তবে জটিল ফিস্টুলা হলে একের অধিক settings লাগতে পারে। যেটাকে বলা হয় Staged fistula surgery অর্থাৎ ধাপ বাই ধাপ সার্জারি। তবে অনেকেই নানা রকম প্রচারণায় প্রলুব্দ হয়ে অপচিকিৎসার শিকার হন। ভোগান্তি বাড়ে, জটিলতা বাড়ে। অনেক সময় এখানে cancer পর্যন্ত হতে পারে। তাই সময় থাকতে আসুন আমরা নিজেরা সচেতন হই, অন্যকে সচেতন করি, আর অপচিকিৎসাকে না বলি। সঠিক সময়ে সঠিক চিকিৎসা করি।